সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ

১. আর্থিক নীতি, মুদ্রানীতি, বিনিময়হার নীতি ও বহিঃখাত সংক্রান্ত বিষয়াদি;

২. খসড়া মধ্যমেয়াদি সামস্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macroeconomic Framework-MTMF) প্রণয়ন এবং নিয়মিতভাবে হালনাগাদকরণ কাজের সার্বিক তত্বাবধান;

৩. ম্যাক্রো ইকনমিক মডেলিং সংক্রান্ত কার্যাবলি;

৪. বাজেট অনুবিভাগের সাথে পরামর্শক্রমে মধ্যমেয়াদি বাজেট পূর্বাভাস (Medium Term Budget Outlook-MTBO) এবং মধ্যমেয়াদি বাজেট কৌশল (Medium Term Budget Strategy-MTBS) প্রণয়ন;

৫. বাজেট বক্তৃতার খসড়া প্রণয়ন;

৬. সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির উপর প্রতিবেদন/ তথ্য বিবরণী প্রণয়ন;

৭. সরকারি সম্পদ ব্যবহারের ক্ষেত্রে কার্যকারিতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ব্যবস্থাপনা সংস্কারের সুপারিশ প্রণয়ন;

৮. সরকারের গুরুত্বপূর্ণ নীতিগত সিদ্ধান্ত ও উদ্যোগসমূহের (major policy decisions and initiatives) মধ্য ও দীর্ঘমেয়াদি আর্থিক সংশ্লেষ ও অর্থনৈতিক প্রভাব বিশ্লেষণ;

৯. সরকারের সার্বিক রাজস্ব ও ব্যয়নীতি (overall revenue and expenditure policy) নিয়মিত পর্যালোচনা এবং প্রয়োজনীয় উন্নয়নের জন্য সুপারিশ প্রণয়ন;

১০. রাষ্ট্রায়াত্ত বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের quasi-fiscal কার্যক্রমের ফলে সম্ভাব্য আনুষঙ্গিক দায় (contingent এবং তহবিলবিহীন দায়সমূহ (unfunded liabilities) সংক্রান্ত বিষয়াদি।

সামষ্টিক অর্থনৈতিক নীতি বিশ্লেষণ ও পূর্বাভাস অধিশাখা

১. খসড়া মধ্যমেয়াদি সামস্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macroeconomic Framework-MTMF) প্রণয়ন এবং নিয়মিতভাবে হালনাগাদকরণ সংক্রান্ত কাজের সমন্বয়;

২. সামষ্টিক অর্থনৈতিক পূর্বাভাস প্রদানের ক্ষেত্রে প্রতিটি প্রক্ষেপণের সমর্থনে বিস্তারিত প্রক্ষেপণ প্রণয়ন ও অন্তর্নিহিত নীতি ও ধারণাসমূহ (underlying policies and assumptions) সম্পর্কে বিশদ বিশ্লেষণ ও যৌক্তিকতাসমূহ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের পূর্বে বিস্তারিতভাবে পরীক্ষা করা;

৩. কয়েকটি বিকল্প সামষ্টিক অর্থনৈতিক চিত্র (alternative macroeconomic scenario) উপস্থাপনের মাধ্যমে প্রবৃদ্ধি, দারিদ্র্য নিরসন এবং সার্বিক অর্থনৈতিক ও আর্থিক স্থিতিশীলতার (economic and fiscal sustainability) উপর প্রতিটি বিকল্পের সম্ভাব্য প্রভাব ও ঝুঁকি সম্পর্কে ধারণা প্রদান;

৪. আর্থিক খাতের (Fiscal Sector) প্রক্ষেপণের সঙ্গে Real Sector, Monetary Sector এবং External Sector এর প্রক্ষেপণের সামঞ্জস্যতা নিশ্চিত করা;

৫. ম্যাক্রো ইকনমিক মডেলিং সংক্রান্ত কার্যাবলি;

৬. বাজেট অনুবিভাগের সাথে পরামর্শক্রমে মধ্যমেয়াদি বাজেট পূর্বাভাস (Medium Term Budget Outlook-MTBO) এবং মধ্যমেয়াদি বাজেট কৌশল (Medium Term Budget Strategy-MTBS) খসড়া পরীক্ষা ও সম্পাদনা;

৭. বাজেট বক্তৃতার সামষ্টিক অর্থনীতি সংক্রান্ত অংশের খসড়া প্রণয়ন;

৮. অর্থনৈতিক অনুবিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির উপর মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন/ তথ্য বিবরণী প্রণয়ন;

৯. বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় সঞ্চয় পরিদপ্তর, পরিকল্পনা কমিশন এবং সংশ্লিষ্ট অন্য কোন দপ্তর/সংস্থা হতে প্রয়োজনীয় উপাত্ত/তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়নের বিষয়ে সংশ্লিষ্ট শাখাসমূহকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

১০. আন্তর্জাতিক অথবা অভ্যন্তরীণ প্রেক্ষাপটে অপ্রত্যাশিত কোন পরিবর্তনের ফলে সম্ভাব্য সংকট এবং এ জাতীয় সংকট মোকাবেলার জন্য কী ধরণের নীতি বা ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হতে পারে সে বিষয়ে সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রণীত সুপারিশ পরীক্ষা, সম্পাদনা ও ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন;

১১. বাংলাদেশ ব্যাংকের সাথে সমন্বয়ের মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক নীতি ও আর্থিক নীতির সঙ্গে মুদ্রানীতি এবং বিনিময় হার নীতির সামঞ্জস্যতা পরীক্ষা নিশ্চিত করা;

১২. বাণিজ্য নীতি এবং বেসরকারি খাতের উন্নয়নের জন্য গৃহীত নীতি নিয়মিত পর্যালোচনা এবং এ বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় সুপারিশ উপস্থাপন;

সামষ্টিক অর্থনীতি-১ শাখা (নীতি ও সমন্বয়)

১. খসড়া মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macroeconomic Framework-MTMF) প্রণয়ন/হালনাগাদকরণ এবং MTMF ওয়ার্কিং গ্রুপের সভায় উপস্থাপন ;

২. সামষ্টিক শাখা-২, সামষ্টিক শাখা-৩ এবং রাজস্ব নীতি শাখা-১ এর সাথে সমন্বয়ের মাধ্যমে-

- সামষ্টিক অর্থনৈতিক পূর্বাভাস প্রদানের ক্ষেত্রে প্রতিটি প্রক্ষেপণের সমর্থনে বিস্তারিত প্রক্ষেপণ প্রণয়ন ও অন্তর্নিহিত নীতি ও ধারণাসমূহ (underlying policies and assumptions) সম্পর্কে বিশদ বিশ্লেষণ ও যৌক্তিকতা উপস্থাপন;
- আর্থিক খাতের (Fiscal Sector) প্রক্ষেপণের সঙ্গে Real Sector, Monetary Sector এবং External Sector এর প্রক্ষেপণের সামঞ্জস্যতা পরীক্ষা করা;
- ম্যাক্রো ইকনমিক মডেলিং সংক্রান্ত কার্যাবলি সম্পাদন;
- আন্তর্জাতিক অথবা অভ্যন্তরীণ অর্থনীতিতে সংঘটিত পরিবর্তনসমূহ নিয়মিত পর্যবেক্ষণ এবং অপ্রত্যাশিত কোন পরিবর্তনের ফলে সম্ভাব্য সংকট মোকাবেলার জন্য কী ধরণের নীতি বা ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হতে পারে সে বিষয়ে সুপারিশ প্রণয়ন;

৩. অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির উপর মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন/ তথ্য বিবরণী প্রণয়ন;

৪. মধ্যমেয়াদি বাজেট পূর্বাভাস (Medium Term Budget Outlook-MTBO) এবং মধ্যমেয়াদি বাজেট কৌশল (Medium Term Budget Strategy-MTBS) এর সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়ন;

৫. অর্থনৈতিক সমীক্ষার সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়নে সহায়তা প্রদান;

৬. অর্থ বিভাগের অন্যান্য অনুবিভাগ এবং সামষ্টিক অর্থনীতি অনুবিভাগের অন্যান্য শাখার সাথে সমন্বয়;

৭. MTMF ওয়ার্কিং গ্রুপকে সাচিবিক সহায়তা প্রদান;

৮. সরকারের আর্থিক, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার সংক্রান্ত নীতি প্রণয়নের জন্য নিয়োজিত কো-অর্ডিনেশন কাউন্সিলকে সাচিবিক সহায়তা প্রদান;

৯. অর্থ বিভাগের ওয়েবসাইট উন্নয়ন ও হালনাগাদকরণ;

১০. ঊর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কাজ।

সামষ্টিক অর্থনীতি-২ শাখা (প্রকৃত এবং আর্থিক খাত)

১. সামষ্টিক-১ শাখা এর সাথে সমন্বয়ের মাধ্যমে প্রকৃত খাত (Real Sector) এবং আর্থিক খাত (Monetary Sector) সংক্রান্ত প্রক্ষেপণ প্রণয়ন এবং MTMF প্রণয়নে উক্ত শাখাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
২. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/সংস্থাসমূহ হতে নিম্নোক্ত বিষয়সমূহ সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ এবং এ সংক্রান্ত প্রক্ষেপণ প্রণয়ন:
    - সেক্টরভিত্তিক জাতীয় আয়
    - সরকারি ও বেসরকারি বিনিয়োগ
    - সঞ্চয়
৩. সঞ্চয় ও বিনিয়োগ নীতি বিশ্লেষণ এবং এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের গোচরীভূতকরণ;
৪. সরকারি ও বেসরকারি খাতের অংশীদারিত্ব (Public Private Partnership) ও যৌথ বিনিয়োগের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং এ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন সংক্রান্ত বিষয়;
৫. বেসরকারি খাতের উন্নয়নের জন্য গৃহীত নীতি নিয়মিত পর্যালোচনা এবং এ বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;
৬. মুদ্রা নীতি প্রণয়ন/হালনাগাদকরণের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সাথে সমন্বয় ও যোগাযোগ রক্ষা ;
৭. বাংলাদেশ ব্যাংক হতে অভ্যন্তরীণ ঋণ এবং বেসরকারি খাতে ঋণ এবং মুদ্রা সরবরাহ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ, প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণ;
৮. সামষ্টিক অর্থনৈতিক কাঠামো প্রণয়ন/হালনাগাদকরণের লক্ষ্যে অভ্যন্তরীণ ঋণ এবং বেসরকারি খাতে ঋণ, মুদ্রা সরবরাহ সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং এ সংক্রান্ত প্রক্ষেপণ;
৯. বিভিন্ন ধরণের সুদের হার নিয়মিত মনিটর করা এবং intervention প্রয়োজন হলে সে বিষয়ে সুপারিশ প্রণয়ন এবং সুদের হার সংক্রান্ত প্রক্ষেপণ;
১০. মূল্যস্ফীতি সংক্রান্ত তথ্য/উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ এবং এ সংক্রান্ত প্রক্ষেপণ;
১১. বিনিময় হার নীতি, বিনিময় হারের গতি প্রকৃতি নিয়মিত মনিটর করা, প্রাসংগিক বিষয়ে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ এবং এ সংক্রান্ত প্রক্ষেপণ;
১২. সামষ্টিক অর্থনৈতিক নীতি ও রাজস্ব নীতির সঙ্গে মুদ্রানীতি ও বিনিময় হার নীতির সামঞ্জস্যতা পরীক্ষা এবং কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে তা দূর করার জন্য সুপারিশ প্রদান;
১৩. মধ্যমেয়াদি বাজেট পূর্বাভাস (Medium Term Budget Outlook-MTBO) এবং মধ্যমেয়াদি বাজেট কৌশল (Medium Term Budget Strategy-MTBS) এর সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়ন;
১৪. অর্থনৈতিক সমীক্ষার সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়নে সহায়তা প্রদান;
১৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কাজ।

সামষ্টিক অর্থনীতি-৩ শাখা (বহি: খাত-External Sector)

১. সামষ্টিক শাখা-১ এর সাথে সমন্বয়ের মাধ্যমে সার্বিক লেনদেনের ভারসাম্য (Balance of Payment) সংক্রান্ত প্রক্ষেপণ প্রণয়ন এবং MTMF প্রণয়নে উক্ত শাখাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
২. বাংলাদেশ ব্যাংক, রপ্তানি উন্নয়ন ব্যুরো ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা হতে আমদানি-রপ্তানি সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ ও এ সংক্রান্ত প্রক্ষেপণ;
৩. বাণিজ্য ভারসাম্য পরিস্থিতি মনিটর করা;
৪. বাণিজ্য নীতি সংক্রান্ত বিষয়াদি;

৫. প্রবাসী আয় মনিটর করা এবং এ সংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে তা নিরসনের জন্য সুপারিশ পেশ করা;

৬. বৈদেশিক বিনিয়োগ, এ জাতীয় বিনিয়োগের লভ্যাংশ বিদেশে প্রেরণ সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং সার্বিক লেনদেনের ভারসাম্যে এর প্রভাব পর্যালোচনা;

৭. আন্তর্জাতিক অর্থনৈতিক পরিস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ এবং সাম্প্রতিক অর্থনৈতিক প্রবণতা ও ভবিষ্যত গতি প্রকৃতি সম্পর্কে বিশ্লেষণ;

৮. মধ্যমেয়াদি বাজেট পূর্বাভাস (Medium Term Budget Outlook-MTBO) এবং মধ্যমেয়াদি বাজেট কৌশল (Medium Term Budget Strategy-MTBS) এর সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়ন;

৯. অর্থনৈতিক সমীক্ষার সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়নে সহায়তা প্রদান;

১০. বিমসটেক, ডি এইটসহ বিভিন্ন আঞ্চলিক অর্থনৈতিক জোট/সহযোগিতা সংক্রান্ত বিষয়াদি;

১১. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কাজ।

রাজস্ব নীতি (Fiscal Policy) অধিশাখা

১. রাজস্ব নীতি প্রণয়ন ও হালনাগাদকরণ সংক্রান্ত বিষয়াদি;

২. সরকারের গুরুত্বপূর্ণ নীতিগত সিদ্ধান্ত ও উদ্যোগসমূহের (major policy decisions and initiatives) মধ্য ও দীর্ঘমেয়াদি আর্থিক সংশ্লেষ ও অর্থনৈতিক প্রভাব বিশ্লেষণ;

৩. নীতি নির্ধারণী দলিলে বর্ণিত কৌশলগত উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে সেক্টর/মন্ত্রণালয়ভিত্তিক ব্যয় অগ্রাধিকার নির্ধারণ;

৪. ব্যয় বিশ্লেষণ এবং সে আলোকে সম্পদ বন্টন ও পুনঃবন্টনের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ ও এ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;

৫. অর্থনৈতিক প্রবৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি ও সামাজিক নিরাপত্তা বেষ্টনি জোরদারকরণসহ দারিদ্র নিরসন এবং জেন্ডার বৈষম্য দূরীকরণের উপর সম্পদ বন্টনের প্রভাব পর্যালোচনা;

৬. সরকারের সার্বিক রাজস্ব ও ব্যয়নীতি (overall revenue and expenditure policy) নিয়মিত পর্যালোচনা এবং প্রয়োজনীয় উন্নয়নের জন্য সুপারিশ প্রণয়ন;

৭. সামষ্টিক অর্থনৈতিক কাঠামোর সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে রাজস্ব ও অনুদান, সামগ্রিক ব্যয় (aggregate expenditure), বাজেট ঘাটতি এবং বাজেট ঘাটতির অর্থায়নের মধ্যমেয়াদি প্রক্ষেপণ প্রণয়ন;

৮. বাজেট বক্তৃতার রাজস্ব নীতি এবং বিভিন্ন খাত পর্যালোচনা সংক্রান্ত অংশের খসড়া প্রণয়ন;

৯. মধ্যমেয়াদে রাজস্ব আদায়ের সম্ভাব্য গতি-প্রকৃতি ও মধ্যমেয়াদে রাজস্ব আদায়ের উপর সাম্প্রতিক রাজস্ব নীতির সম্ভাব্য প্রতিক্রিয়া বিশ্লেষণ;

১০. মনিটরিং সেলের সাথে সমন্বয়ের মাধ্যমে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের quasi-fiscal কার্যক্রমের কারণে সৃষ্ট সম্ভাব্য আনুষঙ্গিক দায় (contingent liabilities), তহবিলবিহীন দায় (unfunded liabilities) প্রভৃতির মধ্য ও দীর্ঘমেয়াদি আর্থিক সংশ্লেষ পর্যালোচনা এবং এ সম্পর্কে পূর্বাভাস প্রদান;

১১. সরকারি সম্পদ ব্যবহারের ক্ষেত্রে কার্যকারিতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উপযুক্ত সংস্কারের সুপারিশ প্রণয়ন ;

১২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কাজ।

রাজস্ব নীতি-১ শাখা

১. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের সাথে পরামর্শক্রমে রাজস্ব নীতি (Fiscal Policy) প্রণয়ন ও হালনাগাকরণ;

২. বাজেট-১ অনুবিভাগ এবং সামষ্টিক-১ শাখা এর সাথে সমন্বয়ের মাধ্যমে Fiscal Account সংক্রান্ত প্রক্ষেপণ প্রণয়ন/হালনাগাদকরণ এবং MTMF প্রণয়নে সামষ্টিক-১ শাখা কে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

৩. জাতীয় রাজস্ব বোর্ড, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক, জাতীয় সঞ্চয় পরিদপ্তর এবং সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/সংস্থা হতে Fiscal Account সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ;

৪. বাজেট-১ অনুবিভাগ এবং সামষ্টিক অর্থনীতি অনুবিভাগের সংশ্লিষ্ট শাখাসমূহের সাথে পরামর্শ ও সমন্বয়ের মাধ্যমে খসড়া মধ্যমেয়াদি বাজেট পূর্বাভাস (Medium Term Budget Outlook-MTBO) এবং খসড়া মধ্যমেয়াদি বাজেট কৌশল (Medium Term Budget Strategy-MTBS) প্রণয়ন;

৫. অর্থনৈতিক সমীক্ষার সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়নে সহায়তা প্রদান;

৬. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং সংস্থা থেকে বাজেট বক্তৃতার তথ্যাদি সংগ্রহ;

৭. মধ্যমেয়াদি বাজেট সমন্বয় ও কারিগরি কমিটি এবং বাজেট মনিটরিং ও সম্পদ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান;

৮. ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কাজ।

রাজস্ব নীতি-২ শাখা

১. সরকারের গুরুত্বপূর্ণ নীতিবিষয়ক সিদ্ধান্ত ও উদ্যোগসমূহের (major policy decisions and initiatives) মধ্য ও দীর্ঘমেয়াদি আর্থিক সংশ্লেষ ও অর্থনৈতিক প্রভাব বিশ্লেষণ;

২. দারিদ্র্য নিরসন কৌশলপত্র অথবা এ জাতীয় যে কোন নীতিনির্ধারণী দলিল প্রণয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে সহায়তা প্রদান সংক্রান্ত বিষয়াদি;

৩. নীতিনির্ধারণী দলিলে বর্ণিত কৌশলগত উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে সেক্টর/মন্ত্রণালয়ভিত্তিক ব্যয় অগ্রাধিকার নির্ধারণ;

৪. ব্যয় বিশ্লেষণ এবং সে আলোকে সম্পদ বন্টন ও পুনঃবন্টনের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ ও এ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;

৫. সরকারের সার্বিক ব্যয়নীতি (overall expenditure policy) নিয়মিত পর্যালোচনা এবং প্রয়োজনীয় উন্নয়নের জন্য সুপারিশ প্রণয়ন;

৬. মধ্যমেয়াদি বাজেট পূর্বাভাস (Medium Term Budget Outlook-MTBO) এবং মধ্যমেয়াদি বাজেট কৌশল (Medium Term Budget Strategy-MTBS) এর সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়ন;

৭. অর্থনৈতিক সমীক্ষার সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়নে সহায়তা প্রদান;

৮. ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কাজ।

রাজস্ব নীতি-৩ শাখা

১. সরকারের সার্বিক রাজস্ব নীতি (overall revenue policy) নিয়মিত পর্যালোচনা এবং প্রয়োজনীয় উন্নয়নের জন্য সুপারিশ প্রণয়ন;

২. মধ্যমেয়াদে রাজস্ব আদায়ের সম্ভাব্য গতি প্রকৃতি ও মধ্যমেয়াদে রাজস্ব আদায়ের উপর সাম্প্রতিক রাজস্ব নীতির সম্ভাব্য প্রতিক্রিয়া বিশ্লেষণ;

৩. মনিটরিং সেলের সাথে সমন্বয়ের মাধ্যমে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের quasi-fiscal কার্যক্রমের ফলে সৃষ্ট সম্ভাব্য আনুষঙ্গিক দায় (contingent liabilities) এবং এ সকল প্রতিষ্ঠানের সম্ভাব্য লোকসানজনিত কারণে সৃষ্ট দায়ের মধ্য ও দীর্ঘমেয়াদি আর্থিক সংশ্লেষ পর্যালোচনা এবং এজাতীয় দায়ের আর্থিক ও অর্থনৈতিক প্রভাব সম্পর্কে পূর্বাভাস প্রদান;

৪. তহবিলবিহীন দায়সমূহ (unfunded liabilities) যেমন সরকারি কর্মচারিদের ব্যাপক অবসরজনিত কারণে সৃষ্ট দায় এবং ভবিষ্য তহবিলের দায় প্রভৃতির মধ্য ও দীর্ঘমেয়াদি আর্থিক সংশ্লেষ পর্যালোচনা এবং এ সম্পর্কে পূর্বাভাস প্রদান;

৫. সরকারি সম্পদ ব্যবহারের ক্ষেত্রে কার্যকারিতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উপযুক্ত সংস্কারের সুপারিশ প্রণয়ন;

৬. মধ্যমেয়াদি বাজেট পূর্বাভাস (Medium Term Budget Outlook-MTBO) এবং মধ্যমেয়াদি বাজেট কৌশল (Medium Term Budget Strategy-MTBS) এর সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়ন;

৭. অর্থনৈতিক সমীক্ষার সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়নে সহায়তা প্রদান;

৮. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কাজ।

বাজেট পরিবীক্ষণ, মূল্যয়ন ও রিপোর্টিং অধিশাখা

১. কেন্দ্রীয় বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন, উক্ত পরিকল্পনা অনুযায়ী বাজেট বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মাসিক/ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা;

২. প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অধিদপ্তর/সংস্থাওয়ারি বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করা;

৩. মন্ত্রণালয়/বিভাগওয়ারি এবং অর্থনৈতিক শ্রেণীবিন্যাসওয়ারি রাজস্ব আদায়ের অগ্রগতি মনিটর করা;

৪. দারিদ্র নিরসন এবং জেন্ডার বৈষম্য নিরসনমূলক কর্মসূচি/প্রকল্পসহ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন প্রধান প্রধান কর্মসূচি/প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

৫. অনুমোদিত বাজেটের বিপরীতে মন্ত্রণালয়/বিভাগওয়ারি এবং অর্থনৈতিক শ্রেণীবিন্যাসওয়ারি অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয় বিশেষ করে সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, নির্মাণ ও পূর্ত এবং সম্পদ সংগ্রহ ইত্যাদি ব্যয়ের অগ্রগতি মাসিক ভিত্তিতে মনিটর করা;

৬. হিসাব মহা-নিয়ন্ত্রক কর্তৃক পেশকৃত মাসিক ও বার্ষিক হিসাব পরীক্ষা ও নিরীক্ষা এবং এ বিষয়ে প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপন;

৭. হিসাব মহা-নিয়ন্ত্রকের কার্যালয় এবং বাংলাদেশ ব্যাংক হিসাব সঙ্গতিসাধন নিশ্চিত করা;

৮. মন্ত্রণালয়/বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রেরিত আর্থিক ও অ-আর্থিক (Financial and Non-financial) কর্মসম্পাদনের উপর ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন পর্যালোচনাপূর্বক বাজেট মনিটরিং ও সম্পদ কমিটির সভায় উপস্থাপন;

৯. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কাজ।

পরিবীক্ষণ-১ শাখা

১০. মন্ত্রণালয়/বিভাগওয়ারি এবং অর্থনৈতিক শ্রেণীবিন্যাসওয়ারি রাজস্ব আদায়ের অগ্রগতি মনিটর করা;

১১. প্রকৃত রাজস্ব আদায় লক্ষ্যমাত্রার তুলনায় কম হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে আলোচনাক্রমে এর কারণ উদঘাটন এবং লক্ষ্যমাত্রা অর্জনের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

১২. কেন্দ্রীয় বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন, উক্ত পরিকল্পনা অনুযায়ী বাজেট বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মাসিক/ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা;

১৩. প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অধিদপ্তর/সংস্থাওয়ারী বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করা;

১৪. অনুমোদিত বাজেটের বিপরীতে মন্ত্রণালয়/বিভাগওয়ারি এবং অর্থনৈতিক শ্রেণীবিন্যাসওয়ারি অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয় বিশেষ করে সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, নির্মাণ ও পূর্ত এবং সম্পদ সংগ্রহ ইত্যাদি ব্যয়ের অগ্রগতি মাসিক ভিত্তিতে মনিটর করা;

১৫. আর্থিক পরিকল্পনা (fiscal plan) বাস্তবায়নের অগ্রগতি, বিশেষ করে রাজস্ব আহরণ এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন সম্পর্কে বাজেট-১/২ অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, পরিকল্পনা কমিশন এবং হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের সাথে নিয়মিতভাবে পরামর্শ করা এবং প্রয়োজন হলে অর্থ সচিবকে এ বিষয়ে অবহিত করা;

১৬. মধ্যমেয়াদি বাজেট পূর্বাভাস (Medium Term Budget Outlook-MTBO) এবং মধ্যমেয়াদি বাজেট কৌশল (Medium Term Budget Strategy-MTBS) এর সংশ্লিষ্ট অধ্যায়ের খসড়া প্রণয়ন;

১৭. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কাজ।

পরিবীক্ষণ-২ শাখা

১. দারিদ্র নিরসন এবং জেন্ডার বৈষম্য নিরসনমূলক কর্মসূচি/প্রকল্পসহ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন প্রধান প্রধান কর্মসূচি/প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

২. কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক নিরাপত্তা বেষ্টনি জোরদারকরণ, সার্বিক দারিদ্র নিরসন কৌশল এবং জেন্ডার বৈষম্য দূরীকরণসহ সামাজিক খাতের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর বিশ্লেষণধর্মী প্রতিবেদন প্রণয়ন;

৩. অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন তহবিলসমূহের মনিটরিং এবং মনিটরিং প্রতিবেদন প্রণয়ন ও এ সংক্রান্ত policy note তৈরী করা;

৪. অনুমোদিত বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশী না হয় তা নিশ্চিত করা এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা;

৫. হিসাব মহা-নিয়ন্ত্রক কর্তৃক পেশকৃত মাসিক ও বার্ষিক হিসাব পরীক্ষা ও নিরীক্ষা এবং এ বিষয়ে প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপন;

৬. হিসাব মহা-নিয়ন্ত্রকের কার্যালয় এবং বাংলাদেশ ব্যাংক হিসাব সঙ্গতিসাধন নিশ্চিত করা;

৭. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কাজ।

পরিবীক্ষণ-৩ শাখা

১. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী/সিদ্ধান্ত নিয়মিতভাবে পর্যালোচনা;

২. মধ্যমেয়াদি বাজেট কাঠামোতে প্রতিফলিত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রার (Output Target) বিপরীতে প্রকৃত কর্মসম্পাদন মনিটর করা;

৩. কোন মন্ত্রণালয়/বিভাগের প্রকৃত কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার তুলনায় অস্বাভাবিক পরিমাণে কম হলে এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে আলোচনাক্রমে এর কারণ উদঘাটন এবং যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

৪. মন্ত্রণালয়/বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রেরিত আর্থিক ও অ-আর্থিক (Financial and Non-financial) কর্মসম্পাদনের উপর ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন পর্যালোচনাপূর্বক বাজেট মনিটরিং ও সম্পদ কমিটির সভায় উপস্থাপন;

৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কাজ।